আজকের কাগজ

তারিখ ... 14 OCT 1995 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

৭৯

# 'চট্টগ্রাম শিক্ষাবোর্ডের অধীন সকল পরীক্ষা অনুষ্ঠিত হবে'

মৎস্য ও পশুসম্পদ মন্ত্রী আব্দুল্লাহ আল নোমান বলেন, ১৯৯৬ সাল হতে চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি ও এইচএসসি পরীক্ষা গ্রহণের ব্যাপারে কোনো প্রকার দ্বিধা দ্বন্দ্ব বা অনিশ্চয়তার অবকাশ নেই।

তিনি গত বৃহস্পতিবার সার্কিট হাউজে চট্টগ্রাম শিক্ষাবোর্ডের কর্মকর্তা ও বোর্ড কমিটির সঙ্গে এক সভায় বক্তৃতা করছিলেন।

আলোচনাকালে মন্ত্রী বোর্ড কমিটিকে দৃঢ়তার সঙ্গে আশ্বাস দেন যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৬ সাল থেকে সকল পরীক্ষা গ্রহণের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। শিক্ষা বোর্ডের বর্তমান অফিস বৃহত্তর পরিসরে শীঘ্রই স্থানান্তর করা হবে। তাছাড়া যানবাহন-সমস্যাও যথাসম্ভব স্বল্প সময়ে সমাধা করা হবে বলে মন্ত্রী আশ্বাস দেন।

মন্ত্রী চট্টগ্রামের তরুণ ছাত্র-ছাত্রীরা যাতে আবেগতাড়িত হয়ে ১৯৯৬ সালের পরীক্ষা গ্রহণ সম্পর্কে অনিশ্চয়তা বা দ্বিধা-দ্বন্দ্বে না ভোগেন সে জন্যে স্থানীয় সকল স্তরের সচেতন নাগরিকগণকে সহায়তা প্রদানের জন্যে আহ্বান জানান।

সভায় অন্যান্যের মধ্যে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান একেএম আহসান উল্লাহ, চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ নুরুল হক, কলেজ পরিদর্শক অধ্যাপক সুমঙ্গল মুৎসুদ্দী, বোর্ডের উপসচিব ফজলুল হক, চট্টগ্রাম বিভাগীয় স্কুল পরিদর্শক মোশারফ হোসেন, কলেজিয়েট স্কুলের প্রধান শিক্ষক সিরাজুল ইসলাম, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মিজানুর রহমান এবং অপর্ণা চরণ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রোকেয়া বেগম উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণী।